# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড


## হেড অফিস, ঢাকা




BDBL Press ad Size: P.ALO 6" x 4 Col.

## বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
## হেড অফিস, ঢাকা

### Mobile App (BDBL Digital Bank)




বিডিবিএল-এর সেবার সহজলভ্যতা বাড়ানোর লক্ষ্যে গত ১৫-০৩-২০২২ তারিখে ব্যাংকে BDBL Digital Bank নামে একটি Mobile App চালু করা হয়েছে যা Google Play Store (Android) এবং Apple App Store (iOS) উভয় প্ল্যাটফর্মের জন্য এভেইলএবল রয়েছে।

BDBL Digital Bank এর মাধ্যমে ১. ব্যালেন্স দেখা; ২. একাউন্ট স্টেটমেন্ট; ৩. বিডিবিএল এর একাউন্ট টু একাউন্ট ফান্ড ট্রান্সফার; ৪. IBFT (NPSB) সেবা; ৫. BEFTN সেবা; ৬. RTGS সেবা; ৭. সব মোবাইল অপারেটরদের রিচার্জ; ৮. bKash এর একাউন্ট থেকে ব্যাংক একাউন্টে টাকা আনা; ৯. ব্যাংক একাউন্ট থেকে bKash একাউন্টে টাকা পাঠানো; ১০. ব্যাংক একাউন্ট থেকে Nagad একাউন্টে টাকা পাঠানো; ১১. A-Challan সেবা; ১২. DPDC এর বিল প্রদান; ১৩. NESCO এর বিল প্রদান; ১৪. পল্লী বিদুৎ এর বিল প্রদান; ১৫. বাখরাবাদ গ্যাস এর বিল প্রদান; ১৬. চেক বই রিকুইজেশন, স্টপ পেমেন্ট, পজিটিভ পে ও চেক বই এর অবস্থা জানা; ১৭. বেনিফিশিয়ারি ম্যানেজমেন্ট; ১৮. IVAC (Indian Visa Application) এর ফি জমাদান; ১৯. অনলাইন মার্চেন্ট পেমেন্ট; ২০. EMI Calculator; ২১. DPS Calculator; ২২. News and Events; ২৩. পার্শ্ববর্তী ATM/CRM Booth, ব্রাঞ্চের অবস্থান জানা; ২৪. চেকের বিকল্প হিসেবে এর মাধ্যমে QR কোড স্ক্যান করে Over The Counter (OTC) থেকে নগদ টাকা উত্তোলন ইত্যাদি সেবা পাওয়া যাচ্ছে।

'BDBL Digital Bank' মোবাইল অ্যাপটি Google Play Store (android) অথবা App Store (IOS) এ গিয়ে 'BDBL Digital Bank' নাম দিয়ে সার্চ করে (বিডিবিএল এর Logo সম্বলিত) পাওয়া যাবে। সেখান থেকে অ্যাপটি ব্যবহারকারীর iPhone অথবা Android স্মার্টফোনে ইনস্টল করতে হবে। App টি ইনস্টল করার পর ব্যবহারের জন্য প্রথমে রেজিষ্ট্রেশন করতে হবে। রেজিষ্ট্রেশন এর জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হলে গ্রাহকের মোবাইল নাম্বারে ইউজার নেইম এবং পাসওয়ার্ড এসএমএস এর মাধ্যমে পাঠানো হবে। ব্যবহারকারী তার মোবাইল এসএমএস থেকে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার পর App এর লগ-ইন পেইজে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ফিল-আপ করে লগ-ইন প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং প্রয়োজনীয় সেবা গ্রহণ করবেন। সফলভাবে লগ-ইন করার পরে ব্যবহারকারীকে অবশ্যই ডিফল্ট পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

BDBL Digital Bank মোবাইল অ্যাপ ব্যবহার সংক্রান্ত যে কোন সমস্যার জন্য আইটি সিস্টেম ডিপার্টমেন্টে যোগাযোগ করা যাবে: মোবাইল: ০১৩২১-২১২১১৭ এবং ০১৩২১-২১২১১৯ অথবা ই-মেইল: digitalbank@bdbl.com.bd ।

Short Session, Captcha, On-screen Keyboard for password entry, OTP (মোবাইল ও email এ প্রেরিত) ব্যবহারের কারণে BDBL Digital Bank অত্যন্ত নিরাপদ ব্যাংকিং এর একটি পদ্ধতি হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। নিচের QR Code Scan করে খুব সহজে 'BDBL Digital Bank' অ্যাপস সরাসরি ডাউনলোড করা যাবে। একবার ডাউনলোড হলে মোবাইলে ইনস্টল করে গ্রাহক তার প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে পারবে।

Apple App Store

Google Play Store

**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড**
**হেড অফিস, ঢাকা**

## BDBL iBanking:

Mobile App এর অনুরূপ সেবা সম্পন্ন BDBL iBanking নামে ব্রাউজার ভিত্তিক Internet Banking সেবা চালু করা হয়েছে। BDBL iBanking এর মাধ্যমে ১. ব্যালেন্স দেখা; ২. একাউন্ট স্টেটমেন্ট; ৩. বিডিবিএল এর একাউন্ট টু একাউন্ট ফান্ড ট্রান্সফার; ৪. IBFT (NPSB) সেবা; ৫. BEFTN সেবা; ৬. RTGS সেবা; ৭. সব মোবাইল অপারেটরদের রিচার্জ; ৮. bKash এর একাউন্ট থেকে ব্যাংক একাউন্টে টাকা আনা; ৯. ব্যাংক একাউন্ট থেকে bKash একাউন্টে টাকা পাঠানো; ১০. ব্যাংক একাউন্ট থেকে Nagad একাউন্টে টাকা পাঠানো; ১১. A-Challan সেবা; ১২. DPDC এর বিল প্রদান; ১৩. NESCO এর বিল প্রদান; ১৪. পল্লী বিদুৎ এর বিল প্রদান; ১৫. বাখরাবাদ গ্যাস এর বিল প্রদান; ১৬. চেক বই রিকুইজেশন, স্টপ পেমেন্ট, পজিটিভ পে ও চেক বই এর অবস্থা জানা; ১৭. বেনিফিশিয়ারি ম্যানেজমেন্ট; ১৮. IVAC (Indian Visa Application) এর ফি জমাদান; ১৯. অনলাইন মার্চেন্ট পেমেন্ট; ২০. EMI Calculator; ২১. DPS Calculator; ২২. News and Events; ২৩. পার্শ্ববর্তী ATM/CRM Booth, ব্রাঞ্চের অবস্থান জানা ইত্যাদি যুগোপযোগী সেবা পাওয়া যাচ্ছে।
BDBL iBanking এ পূর্বে নিবন্ধিত না থাকলে নিবন্ধন করতে (বিডিবিএল এর সকল হিসাবধারী) প্রথমে ব্রাউজারের মাধ্যমে https://ibanking.bdbl.com.bd/ লিংকটি ভিজিট করে গ্রাহকের পছন্দের ইউজার আইডি (ন্যূনতম ছয় ক্যারেক্টার), একাউন্ট নাম্বার, মোবাইল নাম্বার (হিসাবের সাথে সংযুক্ত), জাতীয় পরিচয় পত্র নাম্বার (হিসাবের সাথে সংযুক্ত), জন্ম তারিখ, ইমেইল দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হলে গ্রাহকের মোবাইল নাম্বারে ইউজার নেইম এবং পাসওয়ার্ড এসএমএস এর মাধ্যমে পাঠানো হবে। ব্যবহারকারী তাঁর মোবাইল এসএমএস থেকে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার পর BDBL iBanking এর লগ-ইন পেজ এ প্রাপ্ত ইউজার আইডি, পাসওয়ার্ড এবং ক্যাপচা কোড ফিল-আপ করে লগ-ইন প্রক্রিয়া সম্পন্ন করবে। সফলভাবে লগ-ইন করার পরে ব্যবহারকারীকে অবশ্যই ডিফল্ট পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। BDBL iBanking সেবা সংক্রান্ত যে কোন সমস্যা এবং পরামর্শের জন্য রয়েছে কাস্টোমার সাপোর্ট, মোবাইল: ০১৩২১-২১২১১৭ এবং ০১৩২১-২১২১১৯ ।

One Time Password, Captcha, On-Screen Keyboard, প্রতি ট্রাঞ্জেকশনের পূর্বে OTP (মোবাইল ও email এ) প্রেরণ, সেশন ভিত্তিক ইনঅ্যাক্টিভ ইউজারকে লগআউটকরণ ইত্যাদি সুবিধা থাকায় BDBL iBanking এর মাধ্যমে গ্রাহক অত্যন্ত নিরাপদভাবে সেবাসমূহ গ্রহণ করতে পারবে।

বিশেষ সতর্কতাঃ BDBL iBanking এর যে কোন গুরুত্বপূর্ণ তথ্য (যেমন: ইউজার আইডি এবং পাসওয়ার্ড) ইত্যাদি অনুগ্রহপূর্বক কারো সাথে শেয়ার করা থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

## BDBL eAccount (e-KYC)

ব্যাংকিং সেবা গ্রাহকদের দোড় গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে ঘরে বসে ব্যাংক একাউন্ট খোলার জন্য "BDBL eAccount" (e-KYC) অনলাইন সেবাটি চালু করা হয়েছে। "BDBL eAccount" এর মাধ্যমে গ্রাহকগণ পৃথিবীর যেকোন প্রান্ত থেকে স্বল্প সময়ে নির্বিঘ্নে ঘরে বসে তথ্য ও ছবি প্রদান করে নিজের একাউন্ট নিজেই খুলতে পারছেন। "BDBL eAccount" অ্যাপটি Google Play Store (Android) এবং Apple App Store (iOS) এ সংযোজন করা হয়েছে। এছাড়া, ওয়েব ব্রাউজারের মাধ্যমে eaccount.bdbl.com.bd লিংকে প্রবেশ করে সেবাটি গ্রহণ করা যাবে। একজন নতুন ব্যবহারকারী "BDBL eAccount" এর মাধ্যমে একাউন্ট খোলার জন্য কি কি ধরনের ডকুমেন্টস প্রয়োজন তা Required Documents এবং FAQ অপশন থেকে জানতে পারবেন। ব্যবহারকারী তার মোবাইল নম্বর অথবা ই-মেইলে OTP (One Time Password) এবং একাউন্ট সম্পর্কিত এসএমএস পাবেন। বাংলাদেশ ইলেকশন কমিশন এর এনআইডি সার্ভারের মাধ্যমে ব্যবহারকারীর পরিচিতি যাচাই করার জন্য জাতীয় পরিচয়পত্রের উভয় পৃষ্ঠা মোবাইল ক্যামেরা/ওয়েবক্যাম দিয়ে ক্যাপচার অথবা ব্রাউজ করে আপলোড করতে পারবেন। ব্যবহারকারী মোবাইলের সেলফি ক্যামেরা অথবা ওয়েবক্যাম ব্যবহার করে লাইভ ফটো ক্যাপচার করতে পারবেন। উক্ত সার্ভিস ব্যবহার করে গ্রাহক একক/যৌথভাবে পছন্দ অনুযায়ী সকল টাইপের সেভিংস, কারেন্ট, এফডিআর ও ডিপিএস একাউন্ট খুলতে পারবেন। লেনদেনের ধরন (১,০০,০০০.০০ টাকা/সিম্পলিফাইড ই-কেওয়াইসি এবং ১,০০,০০০.০০

# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

## <u>হেড অফিস, ঢাকা</u>


টাকার বেশী/রেগুলার ই-কেওয়াইসি) অনুযায়ী গ্রাহক দুই প্রকারের একাউন্ট খুলতে পারবেন। গ্রাহক কি ধরনের সার্ভিস (চেক বুক, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল অ্যাপস, ইউটিলিটি বিল) গ্রহণ করতে ইচ্ছুক, তার একটি লিস্ট পাবেন। সেখান থেকে তিনি যে সার্ভিসসমূহ গ্রহণ করতে ইচ্ছুক সেগুলোতে টিক চিহ্ন দিবেন। ব্যবহারকারী ব্রাউজ করে অথবা ক্যাপচার করে স্বাক্ষর আপলোড করতে পারবেন। ব্যবহারকারী তার ও নমিনি'র প্রদত্ত সকল তথ্যাদির একটি প্রিভিউ দেখতে পারবেন এবং কোন তথ্য সংশোধন করার প্রয়োজন হলে সেখানে পরিবর্তন করতে পারবেন। "BDBL eAccount" এর মাধ্যমে একাউন্ট খোলার পর একটি ট্র্যাকিং নম্বর ব্যবহারকারীর মোবাইলে/ই-মেইলে প্রেরণ করা হবে। ব্যবহারকারী একাউন্ট অ্যাপ্লিকেশন ফর্মটি ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন। সংশ্লিষ্ট ব্রাঞ্চ আবেদনকারীর তথ্য যাচাই বাছাই করে Approve করবেন এবং আবেদনকারীর মোবাইল নাম্বারে একাউন্ট নম্বর সম্বলিত একটি এসএমএস প্রেরণ করা হবে। "BDBL eAccount" এর মাধ্যমে খোলা একাউন্ট ব্যবহার করে গ্রাহক বিডিবিএল এর অন্যান্য ডিজিটাল সার্ভিস যেমন মোবাইল অ্যাপ, ইন্টারনেট ব্যাংকিং, ডেবিট কার্ড প্রভৃতি ব্যবহার করতে পারবেন।

## BDBL Debit Card

গ্রাহক পর্যায়ে ব্যাংকিং সেবাকে দ্রুত ও সময় উপযোগী করার লক্ষ্যে গত ১৫-০৩-২০২২ তারিখ থেকে বিডিবিএল-এ Qcash ও NPSB নেটওয়ার্কে অর্ন্তভুক্তির মাধ্যমে প্রোপাইটরি ডেবিট কার্ড সার্ভিস চালু করা হয়। বিডিবিএল এর ডেবিট কার্ড এর মাধ্যমে দেশব্যাপী সকল ব্যাংকের ১২০০০ এর অধিক ATM ও POS এর মাধ্যমে টাকা উত্তোলন ও কেনাকাটাসহ ২৪/৭ ব্যাংকিং সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। ইতোমধ্যে, ৫১০০ এর অধিক গ্রাহকের হাতে বিডিবিএল এর ডেবিট কার্ড পৌছে দেয়া হয়েছে। ডেবিট কার্ডের মাধ্যমে লেনদেনের সাথে সাথে গ্রাহকের সংশ্লিষ্ট মোবাইলে এসএমএস প্রদান করা হচ্ছে।

**কার্ড প্রাপ্তির পদ্ধতি:**

- গ্রাহক কার্ড রিকোয়েস্ট ফর্ম যথাযথভাবে পূরণ করে নিজের জন্য সুবিধাজনক কোন ব্রাঞ্চে জমা দিলে উক্ত ব্রাঞ্চ গ্রাহকের প্রদত্ত তথ্যাবলি যাচাইপূর্বক কার্ড ম্যানেজমেন্ট ইউনিট বরাবর প্রেরণ করবে;
- কার্ড ম্যানেজমেন্ট ইউনিট "ডেবিট কার্ড পরিচালনা নীতিমালা ও নির্দেশিকা-২০২৩" মোতাবেক অত্যন্ত গোপনীয়তার সাথে দ্রুততম সময়ে গ্রাহকের কার্ড প্রস্তুত করে ব্রাঞ্চে প্রেরণ করে। ব্রাঞ্চসমূহ গ্রাহকের সাথে যোগাযোগ করে গ্রাহকের হাতে কার্ড পৌছে দিবে। গ্রাহকের কার্ড ও পিন মেইলার "প্রাপ্তি স্বীকারপত্র" কার্ড ইউনিটে পৌছানো সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তাগন কার্ডটি Active করে দিবেন।




কার্ডটি Active হবার পর গ্রাহককে প্রথমবার অবশ্যই PIN পরিবর্তনের জন্য শুধুমাত্র Q-Cash নেটওয়ার্কভুক্ত (NPSB নেটওয়ার্ক নয়) ব্যাংকসমুহের ATM ব্যবহার করতে হবে। PIN পরিবর্তনের পর Qcash ও NPSB নেটওয়ার্কে অর্ন্তভুক্ত দেশের প্রায় ১২০০০ এর অধিক ATM ও POS এর মাধ্যমে টাকা উত্তোলন ও কেনাকাটাসহ ২৪/৭ ব্যাংকিং সেবা গ্রহণ করতে পারবেন।

- যান্ত্রিক ত্রুটি জনিত কারণে গ্রাহকের কার্ডটি ATM মেশিনে আটকে গেলে কিংবা টাকা ডেবিট হওয়া সত্ত্বেও মেশিন থেকে টাকা বের না হলে সাথে সাথে কার্ড ম্যানেজমেন্ট ইউনিটের সাপোর্ট ডেস্কে (০১৩২১২১২১১৮, ০১৩২১২১২১২০) যোগাযোগ করবে। কার্ড ইউনিট Dispute Management System (DMS) এর মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকের সমস্যাটির সমাধান করবে।
- কোন কারণে গ্রাহক কার্ডটি হারিয়ে ফেললে, চুরি হলে কিংবা ছিনতাই ইত্যাদি পরিস্থিতিতে কার্ড ম্যানেজমেন্ট ইউনিটকে অবহিত করলে ইউনিট গ্রাহকের কার্ডটি Deactive করবে। ফলে অন্য কেউ কার্ড ব্যবহার করে আর টাকা উত্তোলন করতে পারবে না।
- নিরাপত্তার স্বার্থে কার্ডের গায়ে PIN নম্বর লিখে রাখা এবং কার্ডের যে কোন তথ্য (যেমন Card Number, PIN Number, CVV Number, Validity Date) ইত্যাদি অনুগ্রহপূর্বক কারো সাথে শেয়ার করা থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
## <u>হেড অফিস, ঢাকা</u>

### এ-চালান (Automated Challan System)

বিডিবিএল গ্রাহকদের ট্রেজারি চালান, ভ্যাট, ট্যাক্স, এক্সাইজ ডিউটি এবং পাসপোর্ট ফি ইত্যাদি সেবা প্রদানের জন্য বাংলাদেশ সরকারের AChallan System এ যুক্ত হয়েছে। এ সিস্টেমের মাধ্যমে ব্যাংকের সকল শাখায় ট্রেজারি চালান এর অর্থ গ্রহণ সেবা প্রদান এবং পাসপোর্ট ফি সংগ্রহ করা হচ্ছে।

### e-GP Bill Collection

বিভিন্ন ক্রয়কার্যে ব্যাংকে Central Procurement Technical Unit (CPTU) এর e-GP System ব্যবহার করা হচ্ছে। ফলে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত হচ্ছে। এছাড়া, e-GP সফটওয়্যার ব্যবহার করে ব্যাংকের সকল শাখায় e-GP সংশ্লিষ্ট বিভিন্ন ফি (Tender Document Fee, Tender Security, Performance Security, Tenderer Registration Fee etc.) জমা নেওয়া হয়।

**সঞ্চয়পত্র**

গ্রাহকগণ বিডিবিএল-এর সকল শাখা থেকে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সব ধরণের সঞ্চয়পত্র ক্রয় করতে পারেন। ডিপোজিট সংগ্রহের মাধ্যমে বিডিবিএল বাংলাদেশ সরকারের পক্ষে বিশেষ ভূমিকা রাখছে।